

**AKASHVANI(Kolkata)**  
**Regional News Unit**

**Date: 26/12/2025**

**Desk inCharge :- SDG**

**Time: 7-35 A.M**

**Compiling :- Indranil M./ P.P.M.**

**DEO: KB**

**NRT : Partha Pratim M.**

**Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ -**

**বিশেষ বিশেষ খবর -**

১/ রাজ্যে SIR-এর শুনানি পর্ব শুরু হচ্ছে আগামীকাল। এই প্রক্রিয়ার অংশ হিসেবে ভোটারদের পরিচয়, ঠিকানা ও অন্যান্য প্রাসঙ্গিক নথি যাচাই করা হবে।

২/ ভারতীয় রেল, আজ থেকে তাদের যাত্রী ভাড়া কাঠামোয় পরিবর্তন আনলেও, সাধারণ দ্বিতীয় শ্রেণীতে ২১৫ কিলোমিটার পর্যন্ত ভাড়ায় কোনো পরিবর্তন হচ্ছেনা।

৩/ নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে কবি, দার্শনিক, শিক্ষক, সমাজ সংস্কারক হেনরি লুই ভিভিয়ান ডিরোজিওর ১৯৫-তম প্রয়াণ দিবসে আজ তাঁকে স্মরণ করা হবে।

৪/ কলকাতায় আজ এই মরশুমের শীতলতম দিন। #উত্তরবঙ্গের আলিপুরদুয়ার ও কোচবিহারে আগামী দু-তিন দিনে অতিশীতলতম দিনের 'কমলা সতর্কতা' জারি হয়েছে।

৫/ বিজয় হাজারে ট্রফি ক্রিকেটে, বাংলা আজ রাজকোটে বরোদার মুখোমুখি হচ্ছে।

\*\*\*\*\*

রাজ্যে SIR-এর শুনানি পর্ব শুরু হচ্ছে আগামীকাল (শনিবার) থেকে। এই প্রক্রিয়ার অংশ হিসেবে ভোটারদের পরিচয়, ঠিকানা ও অন্যান্য প্রাসঙ্গিক নথি যাচাই করা হবে। এই কাজে বুথ লেভেল অফিসার বা BLO-দের গুরুত্বপূর্ণ ভূমিকা থাকবে। ভোটারদের জমা দেওয়া যাবতীয় নথি নির্দিষ্ট একটি অ্যাপের মাধ্যমে আপলোড করতে হবে BLO-দের। সেই নথি জেলা নির্বাচন আধিকারিক বা DEO তথা জেলা শাসকের মাধ্যমে সংশ্লিষ্ট দণ্ডে পার্টির দেওয়া হবে যাচাইয়ের জন্য।

নির্বাচন কমিশন স্পষ্ট জানিয়েছে, কোনও দণ্ডে নথি যাচাইয়ের ক্ষেত্রে সময় নষ্ট করতে পারবে না। নথি আপলোড হওয়ার পর সর্বোচ্চ পাঁচ দিনের মধ্যেই যাচাইয়ের কাজ সম্পন্ন করতে হবে। অর্থাৎ ভোটার সংক্রান্ত নথি হাতে পাওয়ার পাঁচ দিনের মধ্যেই সংশ্লিষ্ট দণ্ডে যাচাই করে রিপোর্ট জমা দিতে হবে নির্বাচন দণ্ডের কাছে।

\*\*\*\*\*

ভারতীয় রেল, আজ থেকে তাদের যাত্রী ভাড়া কাঠামোয় পরিবর্তন করছে। এই সংশোধিত ভাড়া কাঠামোয় শহরতলির ট্রেন পরিষেবা এবং সিজন টিকিটের ভাড়ার কোনও পরিবর্তন করা হয়নি। সংশোধিত ভাড়া, আজ থেকেই নতুন টিকিট কাটার ক্ষেত্রে কার্যকর হবে। আগে কাটা টিকিটের ক্ষেত্রে কোনও অতিরিক্ত মূল্য দিতে হবে না।

সাধারণ দ্বিতীয় শ্রেণীতে কামরায় ২১৫ কিলোমিটার পর্যন্ত যাত্রীভাড়া বাড়েনি। ২১৬ থেকে, ৭৫০ কিলোমিটার দূরত্ব পর্যন্ত ভাড়া বেড়েছে পাঁচ টাকা। এছাড়াও, ৭৫১ কিলোমিটার থেকে ১ হাজার ২৫০ কিলোমিটার পর্যন্ত ১০ টাকা ভাড়া বেড়েছে। এক হাজার ২৫১ কিলোমিটার থেকে ১ হাজার ৭৫০ কিলোমিটার দূরত্ব পর্যন্ত ১৫ টাকা এবং তারপর ২ হাজার ২৫০ কিলোমিটার দূরত্ব পর্যন্ত ২০ টাকা ভাড়া বৃদ্ধি পাচ্ছে।

শহরতলির বাইরে দূরপাল্লার ট্রেনে স্লিপার শ্রেণীর সাধারণ এবং প্রথম শ্রেণীর কামরায় প্রতি কিলোমিটারে ১ পয়সা হারে ভাড়া বৃদ্ধি করা হয়েছে। এছাড়াও, মেল ও এক্সপ্রেস ট্রেনে এসি ও নন-এসি উভয় কামরার ক্ষেত্রে কিলোমিটার পিছু দু'পয়সা ক'রে ভাড়া বাড়ে। তবে, ভাড়া বৃদ্ধি ঘটলেও GST হার অপরিবর্তিত থাকছে বলে রেল মন্ত্রক জানিয়েছে।

\*\*\*\*\*

ভারতীয় রেলওয়ে দক্ষিণ-পূর্ব রেলওয়ে (SER)-এর হাওড়া-খড়গপুর শাখায় অবস্থিত গুরুত্বপূর্ণ রেল সেতু পুনর্নির্মাণের জন্য ৪৩১ কোটি ৭৬ লক্ষ টাকার একটি বড় পরিকাঠামো প্রকল্প অনুমোদন করেছে। এই প্রকল্পের আওতায় বিকল্প অ্যালাইনমেন্টে সেতুর সাবস্ট্রাকচার পুনর্নির্মাণের পাশাপাশি একটি নতুন ভায়াডাক্ট নির্মাণ করা হবে।

খড়গপুর শাখার সেতুটি গত ছয় দশকেরও বেশি সময় ধরে শক্ত ভিত্তির উপর দাঁড়িয়ে এই অংশে রেল পরিষেবা বহন করে আসছে। অনুমোদিত পুনর্নির্মাণের মাধ্যমে একটি আধুনিক ও মজবুত কাঠামো গড়ে তোলা হবে।

এই প্রকল্পের লক্ষ্য-বর্তমান ও ভবিষ্যৎ পরিচালনাগত চাহিদা পূরণ করা।

\*\*\*\*\*

গ্রামীণ পরিকাঠামো ক্ষেত্রে ভারতের অন্যতম গুরুত্বপূর্ণ উদ্যোগ ‘প্রধানমন্ত্রী গ্রাম-সড়ক যোজনা’র ২৫ বছর পূর্তি হয়েছে। ২০০০ সালের ২৫ শে ডিসেম্বর সারা দেশের সড়ক সংযোগবিহীন গ্রামগুলিতে রাস্তা তৈরির জয় এই কর্মসূচী চালু করা হয়েছিলো। পরবর্তী সময়ে গ্রামাঞ্চলে কৃষির উন্নয়ন, কর্মসংস্থান বৃদ্ধি, শিক্ষা, স্বাস্থ্য, পরিষেবা প্রদান এবং দারিদ্য দূরীকরণের ক্ষেত্রে এই কর্মসূচী গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছে। ২০০০ সালে এই প্রকল্প চালু হওয়ার পর এর আওতায় সারা দেশে ৭ লক্ষ ৮৭ হাজার কিলোমিটার গ্রামীণ সড়ক নির্মিত হয়েছে। চলতি বছরেই এই পরিমাণ ৮ লক্ষ ২৫ হাজার কিলোমিটার ছাড়িয়ে যাবে বলে আশা করা হচ্ছে।

২০২৫-২৬ অর্থবর্ষে এই প্রকল্পের জন্য প্রায় ১৯ হাজার কোটি টাকা বরাদ্দ করা হয়েছে।

\*\*\*\*\*

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী রবিবার ২৮ তারিখ, আকাশবাণীতে ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১২৯-তম পর্ব।

বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও “মন-কি-বাত” সম্প্রচারিত হবে।

হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আংগুলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।

নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

\*\*\*\*\*

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ কবি, দার্শনিক, শিক্ষক, সমাজ সংস্কারক হেনরি লুই ভিভিয়ান ডিরোজিওর ১৯৫-তম প্রয়াণ দিবসে তাঁকে স্মরণ করা হচ্ছে। এই উপলক্ষে কলকাতা পুরসভার পক্ষ থেকে আজ পার্ক সার্কাস কবরস্থানে তাঁর প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করা হবে।

উল্লেখ্য, ডিরোজিও মাত্র ১৭ বছর বয়সে কলকাতা হিন্দু কলেজের শিক্ষক হিসেবে নিযুক্ত হন। সমাজে অন্যায়ের প্রতিবাদ, নারীদের উন্নয়ন, কৃষকদের উন্নয়ন প্রভৃতি কাজের মধ্যে দিয়ে তিনি সমাজ সংস্কারের কাজে আত্মনিয়োগ করেন। ধর্মান্বিতার বিরুদ্ধেও সরব হয়েছিলেন ডিরোজিও। সমাজ সংস্কারের জন্য ছাত্রদের নিয়ে তিনি গঠন করেছিলেন ‘ইয়াং বেঙ্গল’ সোসাইটি। ১৮৩১ সালের ২৬ শে ডিসেম্বর আকস্মিকভাবে তাঁর অকাল প্রয়াণ ঘটে।

\*\*\*\*\*

কলকাতায় আজ এই মরণের শীতলতম দিন।

আলিপুর আবহাওয়া দপ্তরে আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে স্বাভাবিকের থেকে ১ দশমিক ৬ ডিগ্রি কম- ১২ দশমিক ৯ ডিগ্রি সেলসিয়াস। গতকালের সর্বোচ্চ তাপমাত্রাও ছিল স্বাভাবিকের থেকে প্রায় সাড়ে চার ডিগ্রী কম। রাজ্যের প্রায় সব জেলাতেই আগামীকাল পর্যন্ত তাপমাত্রার পারদ আরো ১ থেকে ২ ডিগ্রি কমার সম্ভাবনা রয়েছে বলে আবহাওয়া দপ্তরের পূর্বাভাস।

অন্যদিকে, উত্তরবঙ্গের আলিপুরদুয়ার ও কোচবিহার জেলায় আগামী দু-তিন দিন অতি শীতলতম দিনের ‘কমলা সতর্কতা’ জারি করা হয়েছে। এছাড়া উত্তরবঙ্গের সব জেলাতেই রয়েছে ঘন কুয়াশার সর্তক বার্তা।

একটি প্রতিবেদন- ( ভিসি- কাশফিন )

\*\*\*\*\*

প্রতিবার বড়দিনে চিড়িয়াখানায় বিপুল জনসমাগম হলেও এবারে চিত্রটা ছিল কিছুটা অন্যরকম। চিড়িয়াখানা কর্তৃপক্ষ জানিয়েছে, গতকাল চিড়িয়াখানায় প্রায় ৪৫ হাজারের কিছু বেশি মানুষের ভিড় হয়েছিল। অনলাইনে ভুল তথ্য থাকার কারণেই এবারে বড়দিনের দিন লোকসংখ্যা কম ছিল। আলিপুর চিড়িয়াখানায় সামাজিক ছুটির দিন বৃহস্পতিবার থাকলেও ২৫শে ডিসেম্বর খোলা থাকার কথা চিড়িয়াখানার তরফে অফিসিয়াল ওয়েবসাইটে আগে জানানো হয়েছিল, তবে অনলাইন সার্চ ইঞ্জিনে সেই তথ্য ভুল থাকায় জনগণের মধ্যে বিভ্রান্তি তৈরি হয়।

এছাড়া, বড়দিনের রাত ১২টায় পার্ক স্ট্রীটে প্রায় ছয় থেকে সাত হাজার লোকের জমায়েত হয়েছিল বলে পুলিশ সূত্রে জানা গেছে। তবে রাত বাড়লে প্রচন্ড ঠান্ডার কারণে ভিড় কমতে থাকে।

\*\*\*\*\*

নদিয়ার ভীমপুর থানার আন্তর্জাতিক ভারত-বাংলাদেশ সীমান্তে, এক বাংলাদেশী মহিলাকে আটক করা হয়েছে। গত ১৯ ডিসেম্বর BSF-এর ১৬১ ব্যাটালিয়নের মাধুপুর BOP এলাকা থেকে ওই মহিলাকে ধরা হয়।

জানা গেছে, কাজের প্রলোভন দেখিয়ে ওই মহিলাকে বাংলাদেশ থেকে ভারতে এনে বাহাদুরপুরে বচন ঘোষ নামে এক ব্যক্তির হোটেলে বিক্রি করা হয়। সেখানে মোবাইল ও টাকা কেড়ে নিয়ে তাঁকে দেহব্যবসায় বাধ্য করা হয়। পরে সীমান্ত দিয়ে বাংলাদেশে পালানোর সময় তাঁকে আটক করে BSF। পরে ম্যাজিস্ট্রেটের কাছে তাঁর গোপন জবানবন্দি রেকর্ড করা হয়।

ধুবুলিয়া থানা এলাকা থেকে অভিযুক্ত হোটেল মালিক বচন ঘোষকে গ্রেপ্তার করা হয়েছে। ধৃতকে আজ আদালতে তোলা হবে।

\*\*\*\*\*

বিজয় হাজারে ট্রফি ক্রিকেটে বাংলা আজ বরোদার মুখোমুখি হবে। গুজরাতের রাজকোটের নিরঞ্জন শাহ স্টেডিয়ামে খেলা শুরু হবে সকাল ৯ টায়।

বাংলা একটি ম্যাচ জিতে চার পয়েন্ট নিয়ে গ্রুপ বি-র চতুর্থ স্থানে আছে। বরোদাও একই পয়েন্ট নিয়ে রান পার্থক্যের কারণে গ্রুপের তৃতীয় স্থানে রয়েছে।

প্রতিযোগিতায় এর আগের ম্যাচে গতকাল বাংলা, বিদর্ভকে ৩ উইকেটে হারিয়ে দিয়েছে।

\*\*\*\*\*